



## নারায়ণগঞ্জের টেনশন গ্রুপের প্রধান সীমান্ত আটক



শ্রেষ্ঠার রাইসুল ইসলাম সীমান্ত। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ এলাকায় সক্রিয় কিশোর গ্যাং 'টেনশন গ্রুপ'-এর নেতৃত্বে থাকা রাইসুল ইসলাম সীমান্ত (২৩) স্থানীয়দের হাতে আটক হয়ে পুলিশের কাছে হস্তান্তর হয়েছেন।

রোববার (১৫ ফেব্রুয়ারি) বিষয়টি নিশ্চিত করেন সিদ্ধিরগঞ্জ থানার ওসি আবদুল বারিক। জানা গেছে, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের ২ নম্বর ওয়ার্ডের মৌচাক এলাকায় সীমান্তকে দেখতে পেয়ে স্থানীয়রা তাকে আটক করেন। পরে গণধোলাইয়ের পর থানায় খবর দিয়ে পুলিশে সোপর্দ করা হয়।

পুলিশ জানায়, সীমান্ত সিদ্ধিরগঞ্জ থানা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি পদপ্রার্থী শফিকুল ইসলাম শফিকের ছেলে। তার বিরুদ্ধে হত্যা, হত্যাচেষ্টা ও বৈষম্যবিরোধী আন্দোলন সংশ্লিষ্ট মামলাসহ অন্তত ১৮টি মামলা রয়েছে। আরও কোনো মামলা আছে কি না, তা যাচাই করা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA